সমকাল

তারিখ 03 APR 2015
পৃষ্ঠা ১২ কলাম ২

# ৪ মাস পর খুলল ইবির হল

■ ইবি প্রতিনিধি

দীর্ঘ প্রায় চার মাস বন্ধ থাকার পর গতকাল শুক্রবার কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) আবাসিক হল খুলে দেওয়া হয়েছে। সকালে পরিচয়পত্র দেখিয়ে শিক্ষার্থীরা হলে প্রবেশ করেন। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, গত ১ এপ্রিল অনুষ্ঠিত জরুরি সিন্ডিকেট সভায় ৩ এপ্রিল থেকে আবাসিক হল খুলে দেওয়া ও ৪ এপ্রিল থেকে ক্লাস পরীক্ষা শুরুর সিদ্ধান্ত হয়। সিন্ডিকেট সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে শুক্রবার সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের সব আবাসিক হল খুলে দেওয়া হয়। সরেজমিন ক্যাম্পাস ঘুরে দেখা যায়, গতকাল সকালে নিজ নিজ হলে উপস্থিত থেকে হল প্রভোস্টরা হল খুলে দেন। শিক্ষার্থীরা তাদের পরিচয়পত্র দেখিয়ে হলে প্রবেশ করেন। এ সময় তাদের সঙ্গে রাখা ব্যাগও তল্লাশি করা হয়। বুধবারের বৈঠকে প্রভোস্টরা হল খোলার বিষয়ে ১০টি শর্ত জুড়ে দেন। শর্তগুলোর মধ্যে অন্যতম ছিল শিক্ষার্থীদের পরিচয়পত্র দেখিয়ে ও ব্যাগ তল্লাশি করে হলে ঢোকানো হবে। হলে কোনো বহিরাগত ও অতিথি ঢুকতে পারবে না। প্রতিদিন কমপক্ষে দু'বার করে হল-পরিদর্শন করবেন হল প্রভোস্ট। হলের আবাসিক শিক্ষকরা সার্বক্ষণিক হলের নিরাপত্তা বিষয়ে নজর রাখবেন। ক্যাম্পাস খুলে দেওয়ার প্রথম দিনে ছাত্রদের উপস্থিতি চোখে পড়ার মতো হলেও ছাত্রীদের উপস্থিতি ছিল খুবই কম। সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত ১০-১২ জন ছাত্রীকে ক্যাম্পাসে ঢুকতে দেখা যায়। উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিম সরকার সমকালকে বলেন, 'হল খুলে দেওয়া হয়েছে। আশা করি, আগামীকাল (আজ শনিবার) থেকে ক্লাস-পরীক্ষাও শুরু হয়ে যাবে।

# 'নতুন যুগে' প্রবেশ করেই হ্যাকড দুদকের ওয়েবসাইট

■ সমকাল প্রতিবেদক

নতুন যুগে পদার্পণের ঘোষণা দিয়ে উদ্বোধনের দুই দিনের মাথায় হ্যাকারদের কবলে পড়েছে দুর্নীতি দমন কমিশনের (দুদক) ওয়েবসাইট। গত ৩১ মার্চ বাংলা ও ইংরেজি দুই ভাষায় নতুন এই ওয়েবসাইটের উদ্বোধন করেন কমিশনের চেয়ারম্যান এম বদিউজ্জামান।

'এফএস' নামে হ্যাকারদের একটি গ্রুপ বৃহস্পতিবার রাতে দুদকের ওয়েবসাইটের দখল নিয়ে কালো জমিনে লাল রঙে বিবৃতি ঝুলিয়ে দেয়। রোমান হরফে সেখানে লেখা দেখা যায়, 'লুল সিকিউরিটি...সাইট খুললেই যদি ধরা খাইয়া যান, তাহলে কেমনে কি? আর এসিসি হয়ে দুর্নীতি করা বন্ধ করেন। এনজয় দ্য মিউজিক ডোন্ট রিডিফেইস, আমি আপনাদেরই বাংলাদেশি হ্যাকার।' এ সময় ব্যাকগ্রাউন্ডে বাজতে থাকে ক্লোজআপ ওয়ান তারকা সালমার 'তুমি দিও নাকো বাসরঘরের বাত্তি নিভাইয়া' গানটি। গতকাল শুক্রবার দুপুর ১২টার সময়ও দুদকের ওয়েবসাইটে (http://www.acc.org.bd/) ঢুকে দেখা যায় তা পুরোপুরি ঠিক হয়নি।